

# ঈদের আগেই শতভাগ উৎসব ভাতা দাবি এমপিও শিক্ষকদের



ছবি: সংগৃহীত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৭ ফেব্রুয়ারি ২০২৫ | ০২:৩৯



ঈদের আগেই শতভাগ উৎসব ভাতা, সরকারি নিয়মে বাড়ি ভাড়া ও চিকিৎসা ভাতা, এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছে বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য জোট।

গতকাল বুধবার জোটের চেয়ারম্যান অধ্যক্ষ সেলিম ভূঁইয়ার নেতৃত্বে জাতীয় প্রেস ক্লাবের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। তারা প্রশাসনে থাকা আওয়ামী লীগের দোসরদের প্রত্যাহারের দাবিও তোলেন।

সেলিম ভুঁইয়া বলেন, আওয়ামী লীগের ১৬ বছরে এমপিও শিক্ষকরা বঞ্চিত। আমরা ভেবেছিলাম, এই সরকার এমপিওভুক্ত শিক্ষকদের যৌক্তিক দাবির বিষয়গুলো ইতিবাচকভাবে দেখবে। শিক্ষা সংস্কারে কমিশন গঠন করবে। তা না করে এই সরকারও শিক্ষকদের বঞ্চিত করছে। শিক্ষা প্রশাসনে গুরুত্বপূর্ণ পদগুলোতে এখনও আওয়ামী লীগের দোসরদের বসিয়ে রাখা হয়েছে। তারা ঘুষ-দুর্নীতির মাধ্যমে বদলি-পদায়ন বাণিজ্য করে কোটি কোটি টাকা লুট করছেন।

তিনি বলেন, আসন্ন ঈদের আগেই এমপিও শিক্ষকদের শতভাগ উৎসব ভাতা দিতে হবে ও প্রতি মাসের ১ তারিখের মধ্যে শিক্ষকদের বেতন-ভাতা পরিশোধ করতে হবে। এমপিও শিক্ষকদের সরকারি চাকরির মতো একই হারে চিকিৎসা ভাতা, বাড়ি ভাড়া দিতে হবে। একযোগে এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণ করতে হবে। অবসর ও কল্যাণ ট্রাস্টের টাকা অবসরের দিনই পরিশোধ করতে হবে।

সমাবেশে উপস্থিত ছিলেন শিক্ষক-কর্মচারী ঐক্য জোটের মহাসচিব জাকির হোসেন, যুগ্ম মহাসচিব এএইচএম সায়েদুজ্জামানসহ কেন্দ্রীয় নেতারা।